# ফিটনেস সার্টিফিকেট ইস্যু ও নবায়ন

## ফিটনেস ইস্যুঃ

সেবাগ্রহণকারী বিআরটিএ'র যে সার্কেল অফিস থেকে মোটরযানের রেজিস্ট্রেশন গ্রহণ করেছেন সেখান থেকে মোটরযানের প্রথম ইস্যুকৃত ফিটনেস সার্টিফিকেট গ্রহণ করবেন।

## ফিটনেস সার্টিফিকেট নবায়নঃ

বিআরটিএ'র যে কোন সার্কেল অফিস থেকে ফিটনেস সার্টিফিকেট নবায়ন করা যায়। ফিটনেস সার্টিফিকেট নবায়নের জন্য সেবাগ্রহণকারী নির্ধারিত ফরমে প্রয়োজনীয় কাগজপত্রসহ বিআরটিএ'র সার্কেল অফিসে আবেদন করবেন এবং পরিদর্শনের জন্য মোটরযানটি ঐ অফিসে হাজির করবেন।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

১। নির্ধারিত ফরমে পূরণকৃত ও স্বাক্ষরকৃত আবেদনপত্র;
২। প্রয়োজনীয় ফি প্রদানের রশিদ;
৩। ফিটনেস সার্টিফিকেটের মূল কপি;
৪। হালনাগাদ ট্যাক্স টোকেন এর সত্যায়িত ফটোকপি;
৫। TIN সংক্রান্ত কাগজপত্র-এর সত্যায়িত কপি;
৬। অনুমিত আয়কর প্রদানের প্রমাণপত্র;